



## বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)

পল্লী ভবন (৬ ঠ তলা)

৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.২৭৮. ১৩ - ৩৬৮৪


তারিখ: ২৫/০৭/২০১৬ খ্রিঃ।

জনাব মোঃ হাফিজুর রহমান  
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
ইরেসপো, বিআরডিবি,  
মুলাদি, বরিশাল।

বিষয়: প্রকল্পের কাজে গাফিলতি, দায়িত্ব পালনে অবহেলা ও অনিহার কারণে ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পে (সংশোধিত) বরিশাল জেলার মুলাদি উপজেলায় সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা হিসাবে কর্মরত আছেন। বিশেষ ভাবে লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ উপজেলায় প্রকল্পের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হলেও বরিশাল জেলার মুলাদি উপজেলায় প্রকল্প কার্যক্রমের অগ্রগতি খুবই হতাশাজনক। জুন/২০১৬ মাসের মাসিক রিপোর্ট পর্যালোচনা করে দেখা যায় ২০১৫-১৬ অর্থ বছরে ২৭.০০ লক্ষ টাকা সঞ্চয় জমা ও ৯০.০০ লক্ষ টাকা ঋণ বিতরণের বিপরীতে আপনার উপজেলায় সঞ্চয় স্থিতি ৯.৯৯ লক্ষ টাকা ও ঋণ বিতরণ ৩৭.৮৬ লক্ষ টাকা। প্রকল্পভূক্ত অন্যান্য উপজেলায় ৬০০-৭০০ শত ঋণ গ্রহণকারী সদস্য হলেও আপনার উপজেলায় সদস্য সংখ্যা ৯৬৫ জনের বিপরীতে ঋণী সদস্য মাত্র ২৮২ জন। প্রকল্পের কাজের ব্যাপারে কোন ধরনের তৎপরতা না থাকায় সদস্যদের ঋণ চাহিদা থাকা সত্ত্বেও সদস্যদের মাঝে ঋণ বিতরণ না করে ৩৯.৯৮ লক্ষ টাকা আপনি ব্যাংকে অলস ফেলে রেখেছেন। উপজেলায় যোগদানের পর প্রকল্প কার্যক্রমে আপনার চরম অবহেলা, উদাসিনতা ও গাফিলতির কারণে মুলাদি উপজেলায় প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি। মুলাদি উপজেলায় সমিতি গঠন, ঋণ বিতরণ, সমিতি পরিদর্শন এবং প্রকল্পের কাজে আপনার কোন ভূমিকা না থাকায় প্রকল্পের সার্বিক কার্যক্রমের অগ্রগতি চরমভাবে ব্যাহত হয়েছে। মটরসাইকেলের জ্বালানী খাতে পর্যাপ্ত বরাদ্দ থাকলেও আপনি মাঠ পর্যায় ভ্রমণ না করে ভূয়া বিল ভাউচারের মাধ্যমে অর্থ উত্তোলন করে আত্মসাৎ করেছেন মর্মে অভিযোগ রয়েছে। এছাড়া আপনি উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার নির্দেশনা যথাযথ ভাবে পালন করেন না মর্মে জানা যায়। আপনার কর্তব্য কাজে অবহেলা ও গাফিলতির জন্য ইতোপূর্বে আপনাকে যশোর জেলার বাঘারপাড়া উপজেলা হতে বরিশাল জেলার মুলাদি উপজেলায় বদলী করা হয়েছে।

২। প্রকল্পের কাজের প্রতি আপনার চরম অবহেলা, উদাসিনতা এবং দায়িত্বহীনতার কারণে মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্পের সফল বাস্তবায়ন বাধাগ্রস্ত হচ্ছে। তাই উপরোক্ত কারণে কেন আপনাকে প্রকল্পের চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ৩১/০৭/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য বলা হলো। অন্যথায় আপনার বিরুদ্ধে একতরফা ব্যবস্থা নেয়া হবে।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা  
ফোন নং-০২-৮১৮০১৪৪

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: বরিশাল।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: মুলাদি, জেলা: বরিশাল।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস কপি।